

চবির হল ক্যান্টিনে নষ্ট খাবার ছাত্রদের বিক্ষেপে বন্ধ ঘোষণা

চবি সংবাদদাতা

১০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদের ময়ৃ**



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এএফ রহমান ও আলাওল হলের ক্যান্টিন ও দোকানে অপরিচ্ছন্ন পরিবেশ এবং নষ্ট খাবার পরিবেশনের অভিযোগে বিক্ষেপে করেছেন শিক্ষার্থীরা। গতকাল শনিবার বিক্ষেপের পর প্রশাসন ক্যান্টিন ও দোকানগুলো বন্ধ ঘোষণা করে।

শিক্ষার্থীদের অভিযোগ- দীর্ঘদিন ধরে এই দুই হলের ক্যান্টিনে নিম্নমানের খাবার এবং অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করছে। এর প্রতিবাদে তারা ক্যান্টিনে অভিযান চালান। এ সময় এএফ রহমান হলের ডাইনিংয়ের ফ্রিজ থেকে কালচে হয়ে যাওয়া নষ্ট সিদ্ধ ডিম এবং ক্যান্টিনের ফ্রিজ থেকে বহুদিন আগে রান্না করা মাংস ও নষ্ট খিচুড়ি পাওয়া যায়।

এ সময় ঘটনাস্থল পরিদর্শনে আসেন বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রস্তর নূরুল হামিদ কানন। তিনি বলেন, আমরা এসে খাবারের বাজে অবস্থা দেখেছি। শিক্ষার্থীরা এত খারাপ অবস্থা সত্ত্বেও মব তৈরি না করে শাস্তিপূর্ণভাবে বিষয়টি জানিয়েছে, এজন্য তাদের ধন্যবাদ জানাই। হল কর্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কর্মকর্তাদের সঙ্গে কথা বলে ব্যবহা নেওয়া হবে। ক্যান্টিন ও দোকানগুলো আপাতত বন্ধ থাকবে।